

আল্লা নামের বীজ বুনেছি

কাজী নজরুল ইসলাম

আল্লা নামের বীজ বুনেছি এবার মনের মাঠে ।

ফলবে ফসল বেচব তারে কিয়ামতের হাটে ॥

পাওনাদার যে এই জমির

খাজনা দিয়ে সেই নবীজীর

বেহেশতেরই তালুক কিনে বসব সোনার খাটে ॥

মসজিদে মোর মরাই বাঁ, হবে না কো চুরি,

মনকির নকির দুই ফেরেশতা হিসাব রাখে জুড়ি ।

রাখব হেফাজতে তরে

ঈমানকে মোর সাথী করে

রদ হবে না কিন্তি, জমি উঠবে না আর লাটে ॥